অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/26/2022 **গভর্নর ক্যাথি হোকল**

রচেস্টারের ইনার লুপে গভর্নর হোকলের 31 মিলিয়ন ডলারের সাশ্রয়ী আবাসন নির্মাণকাজ সমাপ্তির ঘোষণা

270 অন ইস্ট ভেটেরান ও প্রবীণদের জন্য সহায়তামূলক পরিষেবা বিশিষ্ট 55টি বাড়ি সহ মোট 112টি বাড়ি তৈরি করছে

এই বিনিয়োগ "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

270 অন ইস্টের ছবি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ রচেস্টারের ইনার লুপ এলাকায় $31 মিলিয়ন ডলারের সামর্থ্যের মধ্যে ও সহায়ক আবাসন নির্মাণকাজ সম্পন্ন হওয়ার ঘোষণা দিয়েছেন। নতুন নির্মিত 270 অন ইস্টে (270 on East) 112টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট রয়েছে, যার মধ্যে প্রবীণদের ও ভেটেরানদের জন্য সহায়তামূলক পরিষেবা সহ 55টি অ্যাপার্টমেন্ট রয়েছে।

"আমার প্রশাসন ডাউনটাউনগুলোর পুনরুজ্জীবিতকরণ, সাশ্রয়ী আবাসনের সরবরাহ বৃদ্ধি করা, এবং ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা নিউ ইয়র্কবাসীদেরকে সহায়তামূলক পরিষেবাসমূহ সরবরাহ করার ব্যাপারে অধিক মনোযোগী রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "270 অন ইস্ট 100টিরও বেশি পরিবারকে নিরাপদ, আধুনিক ও জ্বালানি-দক্ষতাসম্পন্ন বাড়ি প্রদান করছে যা জীবন মান সমৃদ্ধ করা এবং রচেস্টারের ইনার লুপ এলাকার একটি অধিকতর সাশ্রয়ী ও নিরাপদ ভবিষ্যত প্রদানের জন্য অপরিহার্য।"

"সহায়তামূলক আবাসন ভেটেরানদের ও প্রবীণদের জন্য একটি সেবামূলক ও সহায়তামূলক অপশন প্রদান করছে যেটিকে তারা নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দিতে পারবেন এবং যেখানে প্রয়োজনীয় পরিষেবাগুলোও নিতে পারবেন," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "রচেস্টারের ইনার লুপে নতুন নির্মিত এই সহায়তামূলক আবাসন শুধু ভেটেরান ও প্রবীণদের জন্য একটি নিরাপদ আশ্রয় প্রদান করবে তাই নয়, বরং সংগ্রামে লিপ্ত অন্য নিউ ইয়র্কবাসীদের জন্যেও বাড়তি সাশ্রয়ী আবাসন সুবিধা প্রদান করবে।"

270 অন ইস্ট রচেস্টার সিটি কর্তৃক এটির 1950 এর সময়ের নিম্নমানের ইনার লুপ হাইওয়েকে একটি প্রাণবন্ত, নিরাপদ, ও হেঁটে চলাচলের যোগ্য আবাসিক ও বাণিজ্যিক কমিউনিটিতে রূপান্তরের জন্য 2016 সালে চালু করা একটি প্রচেষ্টা, ইনার লুপ ইস্ট রূপান্তর (Inner Loop

East Transformation) প্রকল্পের অংশ হিসেবে অধিগ্রহণকৃত এক খণ্ড জমির উপর নির্মিত হয়েছে। 270 অন ইস্ট ইনার লুপের রূপান্তরমূলক কাজের অংশ হিসেবে HCR-এর অর্থায়নে নির্মিত আরো দুইটি উন্নয়ন প্রকল্প, ইউনিয়ন স্কয়ার অ্যাপার্টমেন্টস (Union Square Apartments) এবং শার্লট স্কয়ারের (Charlotte Square) কাছাকাছি অবস্থিত।

নতুন নির্মিত পাঁচ-তলা ভবনটিতে 49টি স্টুডিও অ্যাপার্টমেন্ট, 36টি এক-বেডরুমের অ্যাপার্টমেন্ট এবং 27টি দুই-বেডরুমের অ্যাপার্টমেন্ট রয়েছে। 112টি অ্যাপার্টমেন্টের সবকয়টি এলাকার মধ্যমান আয়ের 80 শতাংশ বা তার কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে, যার মধ্যে 36টি অ্যাপার্টমেন্ট 60 শতাংশ বা তার কম AMI এর পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে এবং 63টি অ্যাপার্টমেন্ট 50 শতাংশ বা তার কম AMI এর পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে।

55টি সহায়ক ইউনিটের জন্য পরিষেবা ও ভাড়া-সংক্রান্ত ভর্তুকির ব্যয় এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে পরিশোধ করা হবে এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক দপ্তর (New York State Department of Health) এটি পরিচালনা করবে। এপিস্কোপাল সিনিয়র লাইফ কমিউনিটিস (Episcopal SeniorLife Communities) কর্তৃক সরবরাহকৃত পরিষেবাগুলোর অ্যাক্সেস রয়েছে এমন প্রবীণদের জন্য 35টি বাড়ি সংরক্ষিত রয়েছে। এসব পরিষেবার মধ্যে বাড়িতে স্বাস্থ্যসেবা, সেবার সমন্বয়, পরিবহন, সুস্থতার সঙ্গে বেড়ে উঠার পরিকল্পনা প্রণয়ন, মানসিক স্বাস্থ্যের স্ক্রিনিং, এবং মুদিপণ্য কেনাকাটা এবং মিল প্ল্যানিং ও প্রস্তুতকরণ ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

ঈগল স্টার হাউজিং (Eagle Star Housing) কর্তৃক সরবরাহকৃত পরিষেবাগুলোর অ্যাক্সেস রয়েছে এমন ভেটেরানদের জন্য আরো 20টি সহায়তামূলক ইউনিট সংরক্ষিত রয়েছে। এগুলোর মধ্যে পরিবহন পরিষেবা, কারিগরি প্রশিক্ষণ, এবং শিক্ষাগত পরিষেবাগুলো অন্তর্ভুক্ত রয়েছে।

আবাসিক সুযোগ-সুবিধাগুলোর মধ্যে একটি রুফ প্যাটিও, একাধিক রেসিডেন্ট লাউঞ্জ, একটি বিজনেস সেন্টার, এবং প্রত্যেক তলায় লন্ড্রি ফ্যাসিলিটি অন্তর্ভুক্ত রয়েছে।

জ্বালানি দক্ষতাসম্পন্ন এই উন্নয়ন প্রকল্প এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency) এনার্জি স্টার ফর হোমস মানদণ্ড এবং নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) লো-রাইজ আবাসিক নির্মাণ কর্মসূচির (Low Rise Residential New Construction Program) মানদণ্ড পূরণ করার জন্য নকশা করা হয়েছে, যেখানে সাশ্রয়ী বাতি লাগানো, উচ্চ-দক্ষতাসম্পন্ন হিটিং ও কুলিং সিস্টেম, নিম্ন প্রবাহ ব্যবহারকারী ওয়াটার ফিক্সচার, এবং গ্রিন লেবেল প্লাস কার্পেটিং ও প্যাড কাজে লাগানো হচ্ছে।

270 অন ইস্ট রচেস্টারের সব অংশ, স্বাস্থ্যসেবা, ফার্মেসি, ব্যাংক ও ডে-কেয়ার ফ্যাসিলিটিগুলোকে সংযুক্তকারী বাস স্টপগুলোর কাছাকাছি অবস্থিত।

প্রকল্পটি CSD হাউজিং, LLC (CSD Housing, LLC) ডেভেলপ করেছে এবং ক্রিস্টা কনস্ট্রাকশন (Christa Construction) নির্মাণ করছে।

270 অন ইস্টে স্টেটের বিনিয়োগের মধ্যে 5.3 মিলিয়ন ডলারের স্থায়ী করমুক্ত বন্ড, নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা প্রায় 9.5 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) তরফ থেকে মধ্যম-আয়ের আবাসন কর্মসূচি (Middle-Income Housing Program) এবং নতুন নির্মাণকাজের কর্মসূচির (New Construction Program) মাধ্যমে বাড়তি 12.6 মিলিয়ন ডলারের ভর্তুকি অন্তর্ভুক্ত রয়েছে। রচেস্টার সিটি 1.5 মিলিয়ন ডলার প্রদান করেছে।

270 অনলাইন ইস্ট আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। 2022-23 সালের স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসনের পরিকল্পনা উপস্থাপন ও সফলভাবে নিশ্চিত করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবা সহ 10,000টি বাড়ি এবং আরো 50,000টি বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "270 অন ইস্ট ডাউনটাউন রচেস্টারের প্রাণকেন্দ্রে 112টি পরিবার, প্রবীণ ও ভেটেরানদের জন্য নিরাপদ ও সাশ্রয়ী বাড়ি তৈরি করেছে। বিশেষ করে আপস্টেট নিউ ইয়র্কের শহুরে কমিউনিটিগুলোতে সহ স্টেটজুড়ে সাশ্রয়ী আবাসনের সরবরাহ বৃদ্ধি করার ব্যাপারে গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতা বৈচিত্র্যপূর্ণ, অন্তর্ভুক্তিমূলক ও সমৃদ্ধশীল মিশ্র-ব্যবহারের এলাকা তৈরি অব্যাহত রাখবে যেখানে লোকজন বসবাস করতে ও কাজ করতে আগ্রহী হবে। রচেস্টার সিটি, ক্রিস্টা ডেভেলপমেন্ট, CSD হাউজিং এবং আমাদের সহায়তামূলক পরিষেবা সরবরাহকারীদের, ঈগল স্টার হাউজিং এবং এপিস্কোপাল সিনিয়র লাইফ কমিউনিটিকে এই প্রকল্প বাস্তবে পরিণত করতে তাদের কাজের জন্য ধন্যবাদ।"

রিপ্রেজেন্টেটিভ জো মোরেল বলেন, "270 অন ইস্ট এর নির্মাণকাজ সম্পন্ন হওয়াটা আমাদের কমিউনিটিতে সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন সম্প্রসারণের জন্য আমাদের অবিচল অঙ্গীকারাবদ্ধতার প্রমাণ তুলে ধরেছে। রচেস্টারের ডাউনটাউন করিডর পুনরুজ্জীবিতকরণের পাশাপাশি একটি সমতাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যত গড়ে তুলতে সাহায্যকারী এই প্রকল্পের জন্য ফেডারেল তহবিল সরবরাহ করতে পেরে আমি গর্বিত। আবাসনের সুযোগ-সুবিধা শক্তিশালী করার জন্য গভর্নর হোকলের নিবেদিত প্রচেষ্টার জন্য আমি কৃতজ্ঞ এবং রচেস্টারের পরিবারগুলোর উন্নতির জন্য একসঙ্গে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

স্টেট সিনেটর জেরেমি কুনি বলেন, "রচেস্টারের আবাসন খাতে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ বিনিয়োগের ক্ষেত্রে সরকার ও কমিউনিটি সংস্থাগুলোতে আমাদের অংশীদারদের সঙ্গে যোগ দিতে পেরে নিউ ইয়র্ক স্টেট গর্বিত। ইনার লুপ এলাকাগুলো এবং সিটির বাকি অংশের মধ্যে পুনরায় সংযোগ স্থাপন এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য সমৃদ্ধি ও সমতার নতুন সুযোগ তৈরি করার এই সময়ে আমি এই এলাকার ভবিষ্যত নিয়ে আশাবাদী।"

অ্যাসেম্বলি সদস্য ডেমন্ড মিকস বলেন, "270 অন ইস্ট প্রকল্পের নির্মাণকাজ সম্পন্ন হওয়া আমাদের কমিউনিটির জীবনযাপনের অবস্থা উন্নয়নের পথে গৃহীত একটি বৃহৎ পদক্ষেপ। মানসম্মত ও সাশ্রয়ী আবাসন সরবরাহ করার উদ্দেশ্যমূলক প্রচেষ্টার মাধ্যমেই কেবল আবাসনের অনিরাপত্তা মোকাবেলা করা সম্ভব। রচেস্টার সিটির পরিবার ও অধিবাসীদের সবার জন্য একটি সমতাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক এলাকা তৈরির লক্ষ্যে আমাদের একসঙ্গে কাজ চালিয়ে যেতে হবে।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ অ্যাডাম বেলো বলেন, "মনরো কাউন্টির অধিবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার ব্যাপারে আমার প্রশাসনের মনোযোগী হওয়ার ক্ষেত্রে সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান। ডাউনটাউন রচেস্টারের প্রাণকেন্দ্রে 270 ইস্ট এভিনিউতে এই আবাসিক কমপ্লেক্স আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ কমিউনিটির সদস্যদের জীবনকে রূপান্তর করবে, এবং এই অতি প্রয়োজনীয় সংস্থানে তাদের বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকল এবং NYS HCR-কে ধন্যবাদ জানাই।"

CSD হাউজিং-এর ম্যানিজং ডিরেক্টর মাইকেল এফ. ডেমলার বলেন, "উচ্চ মানসম্মত সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন কিভাবে কমিউনিটির পুনঃউন্নয়নের লক্ষ্য ও উদ্যোগগুলো উল্লেখযোগ্যভাবে বর্ধিত করতে পারে 270 অন ইস্ট তার একটি চমৎকার দৃষ্টান্ত। রচেস্টারে সিটির 'ইনার লুপ' নিয়ে পুনরায় ভাবনার রূপকল্পে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা এবং রচেস্টারের একটি প্রিমিয়ার এলাকায় লভ্য আবাসনের বৈচিত্র্যের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখার সুযোগ পেয়ে CSD হাউজিং অত্যন্ত গর্বিত।"

ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরো তথ্য এখানে পাবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন